ইত্তেফাক

তারিখ 4/10/78
পৃষ্ঠা 1 কলাম 4

124

# চাকুরীতে অনাথদের জন্য ২৫ ভাগ আসন সংরক্ষণের পরিকল্পনা

(ইত্তেফাক রিপোর্ট)

সমাজকল্যাণ ও জনশক্তি উন্নয়ন বিষয়কমন্ত্রী জনাব এস, এ, বারী এ, টি, দুঃস্থ শিশুদের জন্য ৪টি বিভাগীয় সদর দপ্তরে নার্সারী স্কুল স্থাপন এবং সরকারী চাকুরীতে অনাথদের জন্য শতকরা ২৫ ভাগ আসন সংরক্ষিত রাখার ব্যাপারে তাঁহার মন্ত্রণালয়ের পরিকল্পনার কথা ঘোষণা করিয়াছেন।

মন্ত্রী গতকাল (মঙ্গলবার) বিকালে বাংলাদেশ পরিষদ মিলনায়তনে বিশ্ব শিশু দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। 'বাংলাদেশ জাতিসংঘ সমিতি' নামক একটি সংস্থা আয়োজিত উক্ত আলোচনা সভায় সভানেত্রীত্ব করেন ডঃ নীলিমা ইব্রাহীম। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন মিসেস মেহের কবির, জনাব বজলুর রহমান, জনাব মামুন আল রশীদ প্রমুখ।

ডঃ নীলিমা ইব্রাহিম তাঁহার ভাষণে শিশুদের জন্য পৃথক আদালত ও জেলখানা স্থাপন এবং বাংলাদেশের রেডিও-টেলিভিশনে যথাযথভাবে বিশ্ব শিশু সংবাদ প্রচারের আহ্বান জানান।

অন্যান্য বক্তা অবিলম্বে বিনা বেতনে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা, জাতিসংঘ সনদে উল্লিখিত শিশু অধিকারসমূহের বাস্তবায়নসহ শিশু সমাজের সর্বাঙ্গীন উন্নতি বিধানের ব্যবস্থা করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।